

বেরোবির পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত হচ্ছে জুলাই অভ্যুত্থানের ইতিহাস

বেরোবি প্রতিনিধি

৩০ অক্টোবর,
২০২৪ ১৯:৪২

শেয়ার

অ +

অ -



বেরোবির ৪৯তম একাডেমিক কাউন্সিলের সভা। ছবি : কালের কণ্ঠ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সব বিভাগে বাংলাদেশ স্টাডিজ নামক কোর্সে ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানের ইতিহাস অন্তর্ভুক্ত করা হচ্ছে। বুধবার (৩০ অক্টোবর) অনুষ্ঠিত ৪৯তম একাডেমিক কাউন্সিলের সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

পরবর্তী সিডিকেট সভায় বিষয়টি চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে বলে আশা প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী।

উপাচার্য ড. মো. শওকাত আলী বলেন, ‘জুলাই বিপ্লবের ইতিহাস ২০২৪’ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হলে, শিক্ষার্থীরা সমকালীন ইতিহাসের ঘটনাপ্রবাহের সঙ্গে পরিচিত হবে।

একই সঙ্গে জাতীয় চেতনা ও সংগ্রামের মর্মার্থও উপলব্ধি করতে পারবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে নৈতিক মূল্যবোধ, ন্যায়বিচারের প্রতি শ্রদ্ধা এবং সামাজিক দায়বদ্ধতা তৈরি হবে।

অ্যাকাডেমিক কাউন্সিলের একাধিক সদস্য জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ড. মো. ইলিয়াছ প্রামাণিক ‘জুলাই অভ্যুত্থান ২০২৪’ সব বিভাগে বাংলাদেশ স্টাডিজ নামক কোর্সে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। ওই বিষয়ে বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় ঐকমত্যের ভিত্তিতে পরবর্তী সেশন থেকে পাঠ্যক্রমে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ড. মো. ইলিয়াছ প্রামাণিক বলেন, শিক্ষার্থীদের মধ্যে সামাজিক দায়বদ্ধতা এবং দায়িত্বশীলতা সৃষ্টির জন্য ‘জুলাই অভ্যুত্থান-২০২৪’ একটি আদর্শ বিষয়। এই সংযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আরো দায়িত্বশীল ও সচেতন করে তুলবে এবং জাতীয় ঐক্যের আদর্শে তাদের উদ্বুদ্ধ করবে।

শিক্ষার্থী সাজেদুল ইসলাম বলেন, ‘আমরা জুলাই অভ্যুত্থানের ইতিহাস সাক্ষী হলেও আমাদের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা উচিত। বর্তমানে আমরা জানলেও পরবর্তীতে আমাদের নতুন প্রজন্ম যারা আসবে, তারা সঠিক ইতিহাস জানতে পারবে পাঠ্যক্রমের মাধ্যমে।

আমরা চাই, বাংলাদেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হোক।’